

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৮৫

১/ বিবিধ

আরবী

لا ضرورة في الإسلام ضعيف

أخرجه أبو داود (1729) والحاكم (1 / 448) وأحمد (1 / 312) والطبراني في " المعجم الكبير " (3 / 128 / 1) والضياء في " المختارة " (65 / 68 / 1) من طريق عمر بن عطاء عن عكرمة عن ابن عباس قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره، وقال الحاكم: " صحيح الإسناد! " ووافقه الذهبي قلت: وهذا من أوهامهما، فإن عمر هذا هو ابن عطاء بن وراز، وهو ضعيف اتفاقاً، والذهبي نفسه أورده في " الميزان " وقال: " ضعفه يحيى بن معين والنسائي وقال أحمد: ليس بقوي وهو غير عمر بن عطاء بن أبي الخوار، فهذا ثقة، وهو يروي عن ابن عباس مباشرة، فلعل الأول اشتبه عليهما بهذا فصحا إسناده! وللحديث شاهد مجهول، أخرجه الطبراني في " المعجم الكبير " (1 / 79 / 1) عن كلاب بن علي الوحيدى - من بني عامر - عن ابن جبير بن مطعم عن أبي مرفوعا به دون قوله في الإسلام وكلات هذا مجهول كما قال الذهبي والعسقلاني

বাংলা

৬৮৫। ইসলামের মধ্যে কোন প্রকার বৈরাগ্যতা নেই।

হাদীছটি দুর্বল।

এটি আবু দাউদ (১৭২৯), হাকিম (১/৪৪৮), ইমাম আহমাদ (১//৩১২), তাবারানী "আল-মুজামুল কাবীর (৩/১২৮/১) গ্রন্থে এবং যিয়া "আল-মুখতারাহ" (৬৫/৬৮/১) গ্রন্থে উমার ইবনু আতা হতে তিনি ইকরিমা হতে ... বর্ণনা করেছেন।

হাকিম বলেনঃ সনদটি সহীহ যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন!

আমি (আলবানী) বলছিঃ এটি তাদের দু'জনের ধারণা মাত্র। কারণ এই উমার ইবনু আতা ইবনে ওররায় সকলের ঐকমত্যে দুর্বল। যাহাবী নিজে তার সম্পর্কে "আল-মীযান" গ্রন্থে বলেনঃ ইয়াহইয়া ইবনু মাঈন এবং নাসাঈ তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। ইমাম আহমাদ বলেছেনঃ তিনি শক্তিশালী নন। তিনি ইবনু আতা ইবনে আবিল খাওয়ার নন। ইবনু আবিল খাওয়ার নির্ভরযোগ্য।

হাদীছটির একটি মাজহুল শাহেদ রয়েছে। সেটিকে তাবারানী "আল-মুজামুল কাবীর" (১/৭৯/১) গ্রন্থে কিলাব ইবনু আলী আল-ওয়াহীদী হতে ... বর্ণনা করেছেন। এই কিলাব মাজহুল যেমনটি যাহাবী এবং ইবনু হাজার বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71564>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন